

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা।  
মিশন অধিশাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০১৯.০১৯.৭১.১৮-৬৫৪

তারিখঃ ১৩ কার্তিক ১৪২৫  
২৮-১০-২০১৮ খ্রিঃ

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৯-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০২৫.১৭.৫৫৯ সংখ্যক প্রজ্ঞাপনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে ন্যস্তকৃত উপসচিব, ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান (৬৭০০)-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ দূতাবাস, দোহা, কাতার শ্রম কল্যাণ উইংয়ে কাউন্সেলর (শ্রম) পদে ০৪ (চার) বছর মেয়াদকালের জন্য নিম্নে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

- ০১। কূটনৈতিক পদ মর্যাদা : কাউন্সেলর (শ্রম)।
- ০২। বেতন : নিজ বেতন।
- ০৩। বৈদেশিক ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ০৪। আবাসিক বাসস্থান : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ০৫। আপ্যায়ন : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ০৬। পোষাক ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ০৭। বদলী ভাতা : বর্তমান মূল বেতনের ২৫% দেশীয় মুদ্রায় বাংলাদেশে এবং ২৫% বৈদেশিক মুদ্রায় যোগদানকৃত মিশন হতে প্রদেয় হবে।
- ০৮। শিক্ষা ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ০৯। চিকিৎসা ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ১০। উৎসব ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী।
- ১১। ভ্রমণ ভাতা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুযায়ী ঢাকা হতে সংশ্লিষ্ট মিশন পর্যন্ত এবং মেয়াদ শেষে ঢাকা প্রত্যাবর্তনের ভ্রমণ ব্যয় সরকার বহন করবে।
- ১২। ব্যক্তিগত মালামাল পরিবহন : প্রচলিত সরকারি বিধি মোতাবেক ইনসিডেন্টাল চার্জসহ ঢাকা হতে সংশ্লিষ্ট মিশন পর্যন্ত ব্যক্তিগত মালামাল নিয়ে যাওয়ার জন্য ব্যয় সরকার বহন করবে।
- ১৩। নিয়োগের মেয়াদ : মিশনে যোগদানের তারিখ হতে ৪(চার) বছর। প্রশাসনিক কারণে নিয়োগের মেয়াদ হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১৪। যোগদানের সময়সীমা : প্রচলিত সরকারি বিধি মোতাবেক অর্থাৎ ভ্রমণের প্রকৃত সময় ও তৎসহ প্রস্তুতি গ্রহণের জন্য ০৬ (ছয়) দিন।
- ১৫। অন্যান্য সুবিধাদি ও চাকরির শর্তাবলী : ০১-০১-১৯৯২ খ্রিঃ তারিখের পর জন্ম গ্রহণকারী দুই এর অধিক কোন সন্তানকে সরকার কর্তৃক যাতায়াত ও দৈনিক ভাতা অথবা অন্য কোন প্রকার সুযোগ সুবিধা প্রদেয় হবে না।
- ০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অনতিবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(খান শাহানুর আলম)

সহকারী সচিব

ফোনঃ ৪১০৩০২৩০

ইমেইলঃ shahanur1968@gmail.com

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
- ০৮। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১১। ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান (৬৭০০) উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বাংলাদেশ দূতাবাস, দোহা, কাতার শ্রম কল্যাণ উইংয়ে কাউন্সেলর (শ্রম) পদে নিয়োগাদেশাধীন)।
- ১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি আগামী সংখ্যায় সরকারী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৬। সহকারী প্রোগ্রামার (আইসিটি), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৭। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৮। যুগ্মসচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।



(খান শাহানুর আলম)  
সহকারী সচিব